মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

মেহেরপুর পৌরসভার অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী ঃ

সভার সভাপতি ঃ জনাব মীর জাহাঙ্গীর আলম, সভাপতি অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।

সভার তারিখ ঃ ০৮/০৯/২০১৯ হতে ১২/০৯/২০১৯ খ্রিঃ।

সভার সময় ঃ সকাল ০৯.০০ ঘটিকা হতে।।

স্থান ঃ মেহেরপুর পৌরসভা অফিস।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা ও উপস্থিতির স্বাক্ষর

ক্রমিক	নাম ও পদবী	কমিটির পদবী	উপস্থিতির স্বাক্ষর
০১	মীর জাহাঙ্গীর আলম, সভাপতি হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।	সভাপতি	
০২	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও মেয়র মেহেরপুর পৌরসভা।	সদস্য	
০৩	জনাব মোঃ আল-মামুন সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০২নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা	সদস্য	
০৪	জনাব মোছাঃ আল্পনা খাতুন, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও সংরক্ষিত মহিলা আসন ১,২ ও ৩নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা	সদস্য	
০৫	জনাব হামিদা খাতুন, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও সংরক্ষিত মহিলা আসন ৭,৮ ও ৯নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা।	সদস্য	

অদ্যকার সভার সভাপতি জনাব মীর জাহাঙ্গীর আলম, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর ০১নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা পরম করুণাময় আল্লাহ তায়ালার শুকরিয়া জ্ঞাপন করেন এবং সকলের মধ্যে সালাম ও কুশলাদী বিনিময়সহ আভ্যন্তরীন নিরীক্ষা কার্যে উপস্থিত হওয়ার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে নিরীক্ষা বিষয়ক সভার কাজ শুরু করেন।

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সদস্য জনাব মোছাঃ আল্পনা খাতুন জানান যে, ক্যাশ বহি যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে। খরচের ভাউচার সঠিকভাবে সংরক্ষণ করা হয়েছে । সভায় বিগত ০৮/০৯/২০১৯ হতে ১২/০৯/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত হিসাব ও নিরীক্ষা কমিটির সম্মানীত সভাপতি সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ কর্তৃক গত ২০১৮-১৯ অর্থবছরের পৌরসভার সকল ক্যাশবহি, চালান ও খরচের সমস্ত ভাউচার এবং পৌরসভার বিভিন্ন আদায় এবং জমা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র পরীক্ষা নিরীক্ষার পর প্রতিবেদন পেশ করা হয়।

আপত্তি সমূহের বিস্তারিত প্রতিবেদন নিম্নে দেওয়া হলোঃ-

নিরীক্ষা প্রতিবেদন

১। নিরীক্ষিত অফিসের নাম ঃ মেহেরপুর পৌরসভা, মেহেরপুর।

২। আর্থিক বছর ঃ ২০১৮-১৯

৩। অডিট কালীন সময় ঃ ০৮/০৯/২০১৯ হতে ১২/০৯/২০১৯ খ্রিঃ পর্যন্ত ।

৪। প্রতিবেদনমতে মোট অনুচ্ছেদ সংখ্যা ঃ ৭ টি।

৫। প্রতিবেদন দাখিলের তারিখ ঃ ১৬/০৯/২০১৯ খ্রিঃ।

৬। নিরীক্ষক বৃন্দের নাম ঃ

ক্রঃনং	নাম	পরিচিতি	মোবাইল নম্বর
০১	মীর জাহাঙ্গীর আলম, সভাপতি হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।	সভাপতি	০১৭১৮৩২৯৭৪৬
০২	জনাব মোঃ আল-মামুন সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০২নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা	সদস্য	০১৮১৮৫৪৬১১৯
০৩	জনাব মোছাঃ আন্ননা খাতুন, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও সংরক্ষিত মহিলা আসন ১,২ ও ৩নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা	সদস্য	০১৯২২১৩২৯৫৬
০৪	জনাব হামিদা খাতুন, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও সংরক্ষিত মহিলা আসন ৭,৮ ও ৯নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা।	সদস্য	০১৯২৩৮৭০৬৮৫

ভূমিকাঃ মেহেরপুর পৌরসভা, মেহেরপুর অফিসের ২০১৮-১৯ সনের আর্থিক সালের হিসাবের উপর আভ্যন্তরীন অডিটের কাজ ০৮/০৯/২০১৯খ্রিঃ তারিখে শুরু করে ১২/০৯/২০১৯খ্রিঃ তারিখে শেষ করা হয়েছে। নিরীক্ষাকালীন সময় UGIIP-III এর প্রশাসনিক আদেশের আলোকে নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়েছে।

নিরীক্ষাকালীন সময়ে ছোট খাটো ত্রুটি বিচ্যুতি অফিসের সংগে আলোচনা/জবাবের আলোকে নিস্পত্তি করা হয়েছে। নিরীক্ষাকালীন সময়ে জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন মেয়র মেহেরপুর পৌরসভা এবং জনাব মোঃ আবুল কালাম আজাদ হিসাব রক্ষণ কর্মকর্তা,কর্মকর্তা হিসাবে নিযুক্ত ছিলেন।

দেয় Receipt & payment এর নমুনায়নের ভিত্তিতে নির্বাচিত আয়/ব্যয় খাত সমূহের নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়েছে।

২০১৮-২০১৯ অর্থ বছরের আয় - ব্যয় বিবরনীঃ

সর্বমোট রাজস্ব আয়-	৫৬৩৮৭১১০
+ প্রারম্ভিক স্থিতি-	১৮৫৭৯৩৫
	৫৮২৪৫০৪৫
(-) সর্বমোট রাজস্ব ব্যয়-	৫৬১৮৫৭৬৩
সমাপনি স্থিতিঃ	২০৫৯২৮২
	৫৮২৪৫০৪৫

পানি সরবরাহ শাখাঃ

আয়ঃ-	৭৫৩৫৪৯৭
+ স্থিতিঃ-	৪৩৬৩৫৮
	৭৯৭১৮৫৫
(-) খরচঃ	৭২৮০৮৫৯
সমাপনি স্থিতি=	৭৯৭১৮৫৫

গত বছরে সমাপনি স্থিতি ছিল- ২২৯৪২৯৩/- টাকা নিরীক্ষাসনে সমাপনি স্থিতি- ২৭৫০২৭৮/- আদায়ের হার সন্তোষজনক। আগামী অর্থ বছরে আরও আদায়ের জোর প্রচেষ্ঠা চালানোর জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হলো।

অডিট আপত্তির সংক্ষিপ্ত বিবরণ

ক্রমিক নং	আপত্তি নং	অডিট আপত্তির বিবরণ	অসংগতি টাকার পরিমান
০১	০১	২০১৮-২০১৯ অর্থ বছরের বিদ্যুৎ বিল পরিশোধ না করায় ওজোপাডিকোর আর্থিক ক্ষতি	৮৮৩১৪৭/-
০২	০২	২০১৮-২০১৯ অর্থবছরের BMDF এর ঋন সরকারী কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে	৫০৪২৪০/-
০৩	০৩	২০১৮-২০১৯অর্থ বছরে ওয়াটার ট্যারিফ বাবদ অনাদায়	১৫৪১১২৮/-
০৪	০৪	২০১৮-২০১৯অর্থ বছরে হোল্ডিং ট্যাক্স বাবদ অনাদায়	২০৮৭৭৮৭/-
০৫	০৫	২০১৮-২০১৯ অর্থ বছরেট্রেড লাইসেন্স বাবদ অনাদায়	৩০৪২৬/-
০৬	০৬	২০১৮-২০১৯ অর্থ বছরে ঘরভাড়া বাবদ অনাদায়	৬২৮১২-
০৭	০৭	২০১৮-২০১৯ অর্থ বছর পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদেও বেতন ভাতা বাবদ ২০(কুড়ি) মাস বকেয়া রয়েছে।	

অডিট আপত্তি বিস্তারিত বিবরনঃ

আপত্তি নং- ১

২০১৮-১৯ অর্থ বছরের বিদ্যুৎ বিল ও টেলিফন বিল পরিশোধের রেজিষ্টার পর্যালোচনায় দেখা যায় ৮৮৩১৪৭/- (আট লক্ষ তিরাশি হাজার এক শত সাতচলিস্নশ) টাকা বকেয়া রয়েছে।

বিষয়বস্তু ঃ মেহেরপুর পৌরসভা, মেহেরপুর কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের হিসাব নিরীক্ষার সময় বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় যে, বিদ্যুৎ বিল বাবদ ৮৮৩১৪৭/- টাকা বকেয়া রয়েছে। এটা ওজোপাডিকোর আর্থিক ক্ষতি। টেলিফোন বিল ১০০% পরিশোধিত আছে।

ফলাফলঃ ওজোপাডিকোর আর্থিক ক্ষতি।

পৌরসভার জবাবঃ ২০১৮-১৯ অর্থ বছরে বকেয়া বিদ্যুৎ বিল অতি শিঘ্রই পরিশোধের ব্যবস্থা গ্রহন করা হবে।

অডিট কমিটির মন্তব্যঃ বকেয়া টাকা ওজোপাডিকোর খাতে জমা না করায় ওজোপাডিকোর ক্ষতি।

সুপারিশঃ আপত্তিকৃত টাকা ওজোপাডিকোর তহবিলে জমা পূর্বক প্রমানক অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

আপত্তি নং-০২

২০১৮-১৯ অর্থ BMDF এর ঋন পরিশোধের রেজিষ্টার ও নথী যাচাই বাছাই করে দেখা যায় (কিস্তি বাবদ (BMDF 2nd phase) মোট ৫০৪২৪০/- টাকা বকেয়া রয়েছে।

বিষয়বস্তুঃ মেহেরপুর পৌরসভা, মেহেরপুর কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের হিসাব নিরীক্ষার সময় BMDF ঋনের কিস্তী পরিশোধের নথী পর্যালোচনায় দেখা যায় কিস্তি বাবদ ৫০৪২৪০/- টাকা বকেয় আছে। যা সরকারের আর্থিক ক্ষতি।

ফলাফলঃ সরকারের ক্ষতি।

পৌরসভার জবাবঃ- ২০১৮-১৯ অর্থ বছরে বকেয়া ঋনের কিস্তির টাকা অতি শিঘ্রই পরিশোধ করা হবে।

অডিট কমিটির মন্তব্যঃ বকেয়া টাকা BMDF তহবিলে জমা না করায় সরকারের আর্থিক ক্ষতি।

সুপারিশঃ আপত্তিকৃত ৫০৪২৪০/- টাকা BMDF তহবিলে জমা পূর্বক উহার প্রমানক অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

আপত্তি নং- ০৩

২০১৮-১৯ অর্থ বছরের পানি কর (ওয়াটার ট্যারিফ) আদায়ের রেজিষ্টার ও নথী পত্র যাচায়ান্তে দেখা যায় ১৫৪১১২৮/- টাকা বকেয়া রয়েছে।

বিষয়বস্তু ঃ মেহেরপুর পৌরসভা, মেহেরপুর কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের আভ্যন্তরীন নিরীক্ষার সময় পানি সরবরাহ শাখার ক্যাশ বহি, রেজিষ্টার ও নথী পর্যালোচনায় দেখা যায় পানির কর বাবদ ১৫৪১১২৮/-টাকা বকেয়া আছে। যা পৌরসভার আর্থিক ক্ষতি।

ফলাফলঃ পৌরসভার আর্থিক ক্ষতি।

পৌরসভার জবাবঃ আদায় করার ব্যবস্থা গ্রহন করা হবে।

অডিট কমিটির মন্তব্যঃ বকেয়া টাকা আদায় করে পৌর তহবিলে জমা না করায় পৌরসভার আর্থিক ক্ষতি।

সুপারিশঃ আপত্তিকৃত ১৫৪১১২৮/- টাকা আদায় করে পৌর তহবিলে জমা পূর্বক প্রমানক অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

আপত্তি নং- ০৪

২০১৮-১৯ অর্থ বছরের হোল্ডিং ট্যাক্স আদায়ের রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় হোল্ডিং ট্যাক্স বাবদ ২০৮৭৭৮৭/- টাকা বকেয়া রয়েছে।

বিষয়বস্তুঃ মেহেরপুর পৌরসভা, মেহেরপুর কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের আভ্যন্তরীন হিসাব নিরীক্ষার সময় ক্যাশ বহি, নথী পত্র যাচাই বাছাই করে, পৌরসভার হোল্ডিং ট্যাক্স বাবদ ২০৮৭৭৮৭/-টাকা বকেয়া রয়েছে যা পৌরসভার আর্থিক ক্ষতি।

ফলাফলঃ পৌরসভার রাজস্ব ক্ষতি।

পৌরসভার জবাবঃ আদায় করার ব্যবস্থা গ্রহন করা হবে।

অডিট কমিটির মন্তব্য ঃ বকেয়া টাকা আদায় করে পৌর তহবিলে জমা না করায় পৌরসভার রাজস্ব ক্ষতি।

সুপারিশ ঃ আপত্তিকৃত ২০৮৭৭৮৭/- টাকা আদায় পূর্বক পৌর তহবিলে জমা দিয়ে উহার প্রমানক অডিট কমিটির নিকট দাখিল আবশ্যক।

আপত্তি নং- ০৫

২০১৮-১৯ অর্থ বছরের ট্রেড লাইসেন্স ফিস আদায়ের রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় ট্রেড লাইসেন্স বাবদ ৩০৪২৬৯/- টাকা বকেয়া রয়েছে।

বিষয়বস্তুঃ মেহেরপুর পৌরসভা, মেহেরপুর কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের আভ্যন্তরীন হিসাব নিরীক্ষার সময় ক্যাশ বহি, নথী পত্র যাচাই বাছাই করে দেখা যায় পৌরসভার ট্রেড লাইসেন্স বাবদ ৩০৪২৬৯/- টাকা বকেয়া রয়েছে যা পৌরসভার আর্থিক ক্ষতি।

ফলাফলঃ পৌরসভার রাজস্ব ক্ষতি।

পৌরসভার জবাবঃ আদায় করার ব্যবস্থা গ্রহন করা হবে।

অডিট কমিটির মন্তব্য ঃ বকেয়া টাকা আদায় করে পৌর তহবিলে জমা না করায় পৌরসভার রাজস্ব ক্ষতি।

সুপারিশ ঃ আপত্তিকৃত ৩০৪২৬৯/- টাকা বকেয়া আদায় পূর্বক পৌর তহবিলে জমা দিয়ে উহার প্রমানক অডিট কমিটির নিকট দাখিল আবশ্যক।

আপত্তি নং- ০৬

২০১৮-১৯ অর্থ বছরের ঘরভাড়া আদায়ের রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় ঘরভাড়া বাবদ ৬২৮১২৫/- টাকা বকেয়া রয়েছে।

বিষয়বস্তুঃ মেহেরপুর পৌরসভা, মেহেরপুর কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের আভ্যন্তরীন হিসাব নিরীক্ষার সময় ক্যাশ বহি, নথী পত্র যাচাই বাছাই করে, পৌরসভার ঘরভাড়া বাবদ ৬২৮১২৫/- টাকা বকেয়া রয়েছে যা পৌরসভার আর্থিক ক্ষতি।

ফলাফলঃ পৌরসভার রাজস্ব ক্ষতি।

পৌরসভার জবাবঃ আদায়ের ব্যবস্থা গ্রহন করা হবে।

অডিট কমিটির মন্তব্য ঃ বকেয়া টাকা আদায় করে পৌর তহবিলে জমা না করায় পৌরসভার রাজস্ব ক্ষতি।
সুপারিশ ঃ আপত্তিকৃত ৬২৮১২৫/- টাকা আদায় পূর্বক পৌর তহবিলে জমা দিয়ে উহার প্রমানক অডিট কমিটির নিকট দাখিল আবশ্যক।

আপত্তি নং- ০৭

২০১৮-১৯ অর্থ বছরের কর্মকর্তা/ কর্মচারীদের বেতন ভাতা/ভবিষ্য তহবিল আনুতোষিক তহবিল বাবদ ২০ (কুড়ি) মাস বকেয়া রয়েছে।

বিষয়বস্তুঃ মেহেরপুর পৌরসভা, মেহেরপুর কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছর আভ্যন্তরীন হিসাব নিরীক্ষার সময় ক্যাশ বহি, নথী পত্র যাচাই বাছাই করে দেখা যায়, পৌরসভার কর্মকর্তা/ কর্মচারীদের বেতন ভাতা/ভবিষ্য তহবিল আনুতোষিক তহবিল বাবদ২০১৮-১৯ অর্থ বছর পর্যন্ত ২০ (কুড়ি) মাস বকেয়া রয়েছে।

ফলাফলঃ কর্মকর্তা/ কর্মচারীদের বেতন ভাতা/ভবিষ্য তহবিল আনুতোষিক তহবিল বাবদ আর্থিক ক্ষতি ।

পৌরসভার জবাবঃ আর্থিক সংকুলান্তে অতি শিঘ্রই কর্মকর্তা/ কর্মচারীদের বেতন ভাতা/ভবিষ্য তহবিল/ আনুতোষিক তহবিলের টাকা পরিশোধ করা হবে ।

অডিট কমিটির মন্তব্য ঃ ২০ (কুড়ি) মাস বেতন বকেয়া থাকায় কর্মকর্তা/ কর্মচারীদের আর্থিক ক্ষতি।

সুপারিশ ঃ আপত্তিকৃত বকেয়া ২০ (কুড়ি) মাসের বেতন ভাতা পরিশোধ করার জন্য মেয়র মহোদয় কে অনুরোধ করা হলো। কর্মকর্তা/ /কর্মচারীদের বেতন ভাতা হাল নাগাদ না হলে স্মারক নংঃ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.০২.১৮/১৫৫২(২৪) তাং০৭/০৭/২০১৯ পত্র মারফত ইউজিআইআইপি প্রকল্প বেতন ভাতা পরিশোধের বিষয়ে জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহন করার জন্য অনুরোধ করেছেন অন্যাথায় প্রকল্প কতৃক প্রদত্ত বিনিয়োগ তহবিল প্রত্যাহার করা হতে পারে এবং ভবিষ্যতে অন্য কোন প্রকল্পে অর্ন্তভূক্ত করা নাও হতে পারে।